উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২- ৪০৯

তারিখঃ ১৪.০৫.২০২৩ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আগামী ১৭ মে ২০২৩ খ্রি: রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। স্থায়ী কমিটি গঠন সংক্রান্ত আলোচনা।
০৫। হাট-বাজার বিষয়ে আলোচনা।
০৬। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৭। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৮।বিবিধ আলোচনা।

১৪।০৫।২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২- ৪০৯

তারিখঃ ১৪.০৫.২০২৩ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

.................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক,নেত্রকোণা।

১৪।০৫।২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর মে ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

তি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

র স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন ।

ভার তারিখ ঃ ১৭ মে ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

পতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ য়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের টেন্ডারের প্রকল্প সমূহের ঠিকাচুক্তি সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। সকল ইউনিয়ন চেয়ারম্যানগনের কাছে কাজ বাস্তবায়নের সহযোগিতা কামনা করেন। জুন মাসের ১২ তারিখের পূর্বে সকল টেন্ডারের এবং পিআইসি প্রকল্প সমূহের কাজ সম্পন্ন করে অত্র দপ্তরে বিল দাখিলের জন্য অনুরোধ করেন। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি রবি মৌসুমে ২০৭১০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছিল যার কর্তন ইতিমধ্যে শেষ। মোট উৎপাদন ৯১০৮৬.৭ মে.টন। ২০২২-২৩ অর্থ বছরে আউশ আবাদের লক্ষ্যমাত্রা ৫২০ হেক্টর। অদ্য পর্যন্ত ৫ হেক্টর জমিতে রোপন কার্যাক্রম শেষ হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনে রোপন কার্যাক্রম চলমান আছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-১ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৫৮, ব্রিধান ৮৫, বিনা-১৯, বিনা-২১ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে। এছাড়াও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকী মূল্যে ৫টি কম্বাইন্ড হারভেস্টার, ২টি রিপার, ৪টি পাওয়ার প্রেসার কৃষি যন্ত্র বিতরণ কার্যাক্রম সম্পন্ন হয়েছে। তাছাড়া অফিসের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম যথারীতি চলমান।<br>১.আউটডোরে গতমাসে ৪৪৮০জন চিকিৎসা সেবা গ্রহণ করেছে।<br>২.জরুরি বিভাগে ১৩৩৭ জন এবং ইনডোর বিভাগে ৭০৭জন চিকিৎসা সেবা গ্রহণ করেছে।<br>৩.NCD corner এ অসংক্রামক রোগ যেমন হাইপারটেনশন,ডায়াবেটিস এসব রোগের সেবা কার্যক্রম শুরু হয়েছে।<br>৪.মাঠ পর্যায়ে ইপিআই চলমান রয়েছে।<br>৫.টিকা স্বল্পতায় কোভিড-১৯ টিকা কার্যক্রম সাময়িক স্থগিত রয়েছে।<br>নরমাল ডেলিভারি ৪৭ জন, সিজারিয়ান সেকশন ৪ টি। এছাড়া রক্ত, প্রস্রাব পরীক্ষা, এক্সরে, ইসিজি, আল্ট্রাসনোগ্রাম চালু আছে।<br>দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৪. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, গবাদিপশুতে লাম্পি স্কিন ডিজিজ এর প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় সচেতনতা বৃদ্ধির জন্যে স্থানীয় প্রতিটি বাজারে লিফলেট বিতরণ ও উঠান বৈঠক করা হয়। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে স্টেরয়েড এর ক্ষতিকর প্রভাব সম্পর্কে প্রচারনা চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সান্দিকোনা ও পৌরসভা এলাকায় তিনটি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প বাস্তবায়ন করা হয়। ৯২৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়। ২৮৫০ টি | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গবাদিপশু ও ১৪৯২৬ টি হাঁস - মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | | |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিল নার্সারীতে রেনু মজুদ করা হবে এবং পরবর্তীতে উৎপাদিত পোনা বিলে অবমুক্ত করা হবে। উন্মুক্ত জলাশয়ে শোল, টাকি, বোয়াল ও অন্যান্য দেশীয় প্রজাতির মাছের প্রজনন মৌসুমে ডিম ও পোনা ছাড়বে তা নির্বিচারে অবৈধ বাঁধ ও জাল দিয়ে ধরা থেকে বাঁচাতে নিয়মিত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করার জন্য উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করা হয়। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের পক্ষে একাডেমিক সুপারভাইজার সভায় জানায় যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ১৬২৫ জনের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের প্রেক্ষিতে এবং ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি এপ্রিল ২০২৩ ডিও চিঠি দেওয়া হয়েছে এবং মাসিক সঞ্চয় ২২০/- টাকা হারে বলা হয়। মা ও শিশু ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে। চলমান আবেদন অনলাইনে করা হচ্ছে। যাহা চলমান রয়েছে। মা ও শিশু পৌরসভা ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে এবং আবেদন চলমান রয়েছে। (wtc) সেলাই এমরডারী প্রশিক্ষন সেন্টার ৩০ জন এর পরিবর্তে ১০ জন প্রশিক্ষনার্থীর কাজ চলমান। কিশোর কিশোরী ক্লাব ১৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা মোট ১৪টি কিশোর কিশোরী ক্লাবে সংগীত ও আবৃত্তি ক্লাস চলমান আছে। আইজিএ প্রশিক্ষণ ট্রেড বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ কাজ সাময়িকভাবে বন্ধ আছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর ১ম পর্যায় প্রকল্প সমূহের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। টিআর/কাবিখা ২য় পর্যায়ের প্রকল্প সমূহের কাজ চলমান আছে। বর্তমানে মাঠের ধান কাটা শেষ হয়েছে। রাস্তায় মাটি কাটার সময়। সামনে জুন মাস। তাই দ্রুত অসমাপ্ত প্রকল্প সমূহের কাজ শেষ করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং প্রকল্প সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করনের লক্ষ্যে হেরিং বোন বন্ড(এইচবিবি) করণ প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্ত ০১ কিলোমিটার রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। ০৩টি সেতু/কালভার্ট প্রকল্পের মধ্যে মাসকা এবং মোজাফরপুর ইউনিয়নের ০২টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। নওপাড়া ইউনিয়নের কাজটি ৮০% সম্পন্ন হয়েছে। আগামী ১০-১৫ দিনের মধ্যে উক্ত সেতুটির কাজ সম্পন্ন হবে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট জনসংখ্যাঃ ৩,৪১,০৮৪ জন তার মধ্যে পুরুষ- ১,৭৩,৮২৫ এবং মহিলা- ১,৬৭,২৫৯ জন। উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৮, উপজেলার মোট সক্ষম দম্পতি: ৫৯,৯৮৮। খাবার বড়ি গ্রহণকারী ২৭৩০৬ হার ৪৫.৫১%। ইনজেকটেবলস গ্রহণকারী ৬১৬৫ হার ১০.২৭%। কনডম গ্রহণকারী ১৯৭২ হার ৩.২৮%। আই ইউ ডি গ্রহণকারী ১৫০৬হার ২.৫১%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩৬৮৩ হার ৬.১৩%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২০৮৯ জন হার ৩.৪৮%। মহিলা ৪২০৯ জন হার ৭.০১%। সর্বমোট গ্রহণকারী ৪৬৯৩০ জন হার ৭৮.২৩%। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া প্রতিনিধি সভায় জানান যে,আমাদের চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় লোডশেডিং হচ্ছে। এই সমস্যা সমাধানে বিদ্যুৎ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। এজন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া জোনাল অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | খাদ্য ...গ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে সকল সম্মানিত চেয়ারম্যানগনের অবগতির জন্য জানান যে কেন্দুয়া উপজেলার সকল ইউনিয়নে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় যে সকল ভোক্তা ভিজিডিউবি প্রাপ্ত হওয়ায় খাদ্য বান্ধব তালিকা হতে বাদ পরেছেন এবং যে সকল ভোক্তা ইতিমধ্যে মারা গিয়াছেন তাদের তালিকা আগামী ১৫.০৬.২০২৩ খ্রি: তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। কেন্দুয়া উপজেলা সরকারি খাদ্য গুদামে অনলাইন অ্যাপ এর মাধ্যমে কৃষকদের নিকট হইতে ধান ক্রয় করার জন্য ১৬৬৬.০০ মে.টন ধানের বরাদ্দ পাওয়া গিয়েছে। অত্র উপজেলা সকল সম্মানিত কৃষকগণ মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্রের সাহায্যে কৃষকের অ্যাপ এর মাধ্যমে আবেদন ও নিবন্ধন করার জন্য অনুরোধ করেন এবং কৃষকদের আবেদন ও নিবন্ধন উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয় হতে অনলাইন লটারী করা হবে। লটারী প্রাপ্ত কৃষকগণ সরকারি নীতিমালা অনুযায়ী সরকারি গুদামে ধান বিক্রয় করতে পারবেন। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক. |
| ১২. | পল্লী দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বটতলা আশ্রয়ন প্রকল্পের দুটি সমিতি নিবন্ধন করা হয়েছে। পাইকুড়া ও পৌরসভার অন্তর্গত দুটি সমিতি নিবন্ধনের কাজ চলছে। এক্ষেত্রে সংশ্লিষ্টগনের সহযোগিতা কামনা করেন। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪. | যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রকল্পের মেয়াদ ৩০ জুন/২৩ খ্রি: তারিখে শেষ হয়ে যাবে। জুন ২০২৩ মাসের বেতন একাউন্টস অফিসে ২৩.০৬.২৩ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জুন ২০২৩ মাসের বেতন জুন মাসেই উত্তোলন করতে হবে। সঠিক সময়ে উত্তোলন না করলে বেতন পাবে না। তাই সকল দপ্তর প্রধান এবং সকল ইউপি চেয়ারম্যানগনকে ২০.০৬.২৩ তারিখের মধ্যে ন্যাশনাল কর্মীদের প্রত্যয়নপত্র দিতে অনুরোধ করেন। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী জীবিকায়ন প্রকল্প ৩য় পর্যায় বাংলাদেশ সরকারের অন্যতম বৃহৎ দরিদ্র বিমোচন প্রকল্প। এ প্রকল্পের কাজ সারা দেশব্যাপী ২২০টি উপজেলায় চলমান আছে। অত্র উপজেলায় এ প্রকল্পের কাজ সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। উপজেলায় চলতি বৎসরে ৫৩.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। যাহা ১০০% আদায় অব্যাহত আছে। তাছাড়া ২৪০ জন গ্রামীন মহিলা/পুরুষদের ৬টি আয়বর্ধন মূলক কর্মকান্ডে তিনদিন ব্যাপী প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বর্তমানে ১৫ জন মহিলা সদস্যকে ৯দিন ব্যাপী প্রশিক্ষণ যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র নেত্রকোণায় অব্যাহত আছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭. | চেয়ারম্যান পাইকুড়া ইউপি | চেয়ারম্যান, পাইকুড়া ইউপি সভায় বলেন যে, খাদ্যবান্ধব তালিকায় ইউনিয়নে ২ জন লোক বাদ পড়েছে। গত অর্থ বছরে একটি কাজ টেন্ডার হয়েছিল কিন্তু অদ্যাবধি পর্যন্ত কোন কাজ হচ্ছে না। প্রতি অর্থ বছরের কাজ অর্থবছরে শেষ করার জন্য সভায় প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮. | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় জানান যে, মাতৃত্ব ভাতার জন্য জুন-ডিসেম্বর মাসের তালিকা দেওয়া হয়েছে। তাদের ভাতাটা দ্রুত পেতে অনুরোধ করেন। প্রতিবন্ধী ভাতার তালিকার সর্বমোট ১৪৪ জনের তার মধ্যে অনেকেই ভাতা পাচ্ছে না। উপজেলা প:প: কর্মকর্তার কার্যালয় হতে ডেলিভারী সেবা নিয়ে নওপাড়া ইউনিয়নে মিটিং করেছেন। এভাবে প্রতিটি ইউনিয়নে মিটিং করার জন্য সভায় প্রস্তাব করেন। তাছাড়া প্রতি অর্থ বছরের কাজ অর্থ বছরে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), উপজেলা সমাজসেবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা, উপজেলা প:প: কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৪১৯

তারিখঃ ১৭ মে ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা:

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৪১৯

তারিখঃ১৭ মে ২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা